454

ভোরের কাগজ

তারিখ ... JUN. 19 1999
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫

ঢা.বি. সিনেটে রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচন

# বাঙালি জাতীয়তাবাদীদের পূর্ণ প্যানেলে বিজয়

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটে রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনে পূর্ণ প্যানেলে (২৫টি) বাঙালি জাতীয়তাবাদে বিশ্বাসী গণতান্ত্রিক ঐক্য পরিষদ জয়লাভ করেছে। ফলাফল ঘোষণার পর অপর দুটি প্যানেল জাতীয়তাবাদী ঐক্য পরিষদ ও প্রগতি পরিষদ ভোট গণনা ও নির্বাচন পরিচালনায় কারচুপির অভিযোগ এনেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রে (টিএসসি) গতকাল শুক্রবার ভোট গণনা শেষে ফলাফল ঘোষণা করা হয়।

নির্বাচনে বিজয়ী ২৫ রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি হচ্ছেন : এ এফ. এম মেসবাহউদ্দীন, এ কে এম শামসুজ্জামান, লায়লা হাসান, অধ্যাপক আব্দুল মান্নান চৌধুরী, ড. ম আক্তারুজ্জামান, আবুল কালাম আজাদ, ইসমত কাদির গামা, অধ্যাপিকা মাহফুজা খানম, বেগম খালেদা হাবিব, ড. কাজী ফারুক আহমেদ, মোঃ অহিদুজ্জামান চান, ড. মোঃ হারুন অর রশিদ, রামেন্দু মজুমদার, নীলুফার বেগম, মোঃ গোলাম কুদ্দুছ, এডভোকেট সৈয়দ আহমদ, মোঃ হাবিবুর রহমান খান, ডা. সৈয়দ মোদাচ্ছের আলী, ডা. রঙ্গলাল সেন, এডভোকেট মোঃ সালাম তালুকদার, এস এম বাহালুল মজনুন চুন্নু, ড. মোঃ আনোয়ার হোসেন, সৈয়দ বদরুদ্দীন হোসেন, মোঃ আফজল হোসেন এবং মোঃ শামছুল হক ভুঁইয়া। নির্বাচনে ২৬তম অবস্থানে ছিলেন জাতীয়তাবাদী ঐক্য পরিষদের প্রার্থী ব্যারিস্টার মইনুল হোসেন। তিনি তার নিকটতম প্রতিদ্বন্দ্বী থেকে ১৩৬ ভোট কম পেয়েছেন।

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৭

## পূর্ণ প্যানেলে বিজয়

● প্রথম পাতার পর

বৃহস্পতিবার সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে ভোট গণনা শুরু হয়। একটানা ২৩ ঘণ্টা ভোট গণনার পর গতকাল সকাল ৮টায় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক শাহাদাত আলী ফলাফল ঘোষণা করেন। ফলাফল ঘোষণার পরে তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় অধ্যাপক শাহাদাত আলী ভোট গণনায় কারচুপির অভিযোগ অস্বীকার করেন।

উপাচার্য অধ্যাপক আজাদ চৌধুরী বলেন, ভোট গণনাকালে পরিবেশ শান্ত রাখতে আপ্রাণ চেষ্টা চালানো হয়েছে। সবাই ফলাফল মেনে নেবেন বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। নির্বাচনে মোট বৈধ ভোটের সংখ্যা ২০ হাজার ১। ত্রুটিপূর্ণ হওয়ায় ৯৩৩টি ব্যালট বাতিল করা হয়। গত রাতে তিনি ভোরের কাগজকে বলেন, প্রায় ৯০ শতাংশ ভোট গণনা শেষ হওয়ার পর একটি মহল ফলাফলের পরিষ্কার চিত্র পেয়ে নির্বাচনকে প্রশ্নের সম্মুখিন করার চেষ্টা করেছে।

গতকাল বিকালে গণতান্ত্রিক ঐক্য পরিষদ টিএসসি মিলনায়তনে অনুষ্ঠিত এক সভায় সুষ্ঠুভাবে নির্বাচনে সম্পন্নের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছে। পরিষদ বিশ্ববিদ্যালয় থেকে সন্ত্রাস দূর করে শান্তিপূর্ণ শিক্ষাঙ্গন গড়ে তোলার অঙ্গীকার ব্যক্ত করেছে। এরপর বিজয়ীরা শহীদ মিনার ও ধানমন্ডি বঙ্গবন্ধু জাদুঘরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। নির্বাচনে বিজয়ী হওয়ায় কৃষক লীগ, মুক্তিযোদ্ধা সংহতি পরিষদ প্রভৃতি সংগঠন গণতান্ত্রিক ঐক্য পরিষদকে অভিনন্দন জানিয়েছে।

জাতীয়তাবাদী ঐক্য পরিষদ গতকাল বিকালে জাতীয় প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে সমগ্র নির্বাচন প্রক্রিয়া বিধিবহির্ভূত ছিল বলে দাবি করেছে। নির্বাচনের আগে বা গণনার আগে কেন তারা প্রতিবাদ করেননি জানতে চাইলে তারা শেষ পর্যন্ত আশাভঙ্গের কারণ হবে না ধরে নিয়ে প্রতিবাদ করা হয়নি বলে জানান। তারা বলেন, 'আমরা তাদের ওপর শেষ পর্যন্ত আস্থা রাখতে চেয়েছি।'

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন জাতীয়তাবাদী ঐক্য পরিষদের সমন্বয়কারী বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞা। সংবাদ সম্মেলনে প্রার্থীরা উপস্থিত ছিলেন।

অপর প্যানেল প্রগতি পরিষদের গতকাল বিকালে অনুষ্ঠিত নির্বাচনী পরিচালনা কমিটির এক সভায় বলা হয়, কালো টাকা, সন্ত্রাস, অরাজকতা, কর্তৃপক্ষের বিশেষ দলের প্রতি পক্ষপাতিত্ব গোটা নির্বাচনকে প্রহসনে পরিণত করেছে।

সভায় অধ্যাপিকা এ এন রাশেদা, এডভোকেট জেড আই খান পান্না প্রমুখ উপস্থিত ছিলেন।